দৈনিক সংবাদ

তারিখ 27 JAN 1992
পৃষ্ঠা ...২... কলাম ...৩

ঢাকা বিশ্ববিদ্যালয়

# সিণ্ডিকেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ে সিণ্ডিকেট, একাডেমিক পরিষদ ও ফিন্যান্স কমিটিতে শিক্ষক প্রতিনিধি নির্বাচন ছাত্র শিক্ষক কেন্দ্রে অনুষ্ঠিত হয়। নির্বাচনে ৩টি প্যানেলে শিক্ষকরা প্রতিদ্বন্দ্বিতা করেন। প্যানেলগুলো হচ্ছে নীল, সাদা এবং গোলাপী। নির্বাচনে (সাদা) প্যানেল থেকে সর্বাধিক প্রার্থী নির্বাচিত হন। গোলাপী প্যানেল থেকে কেউ নির্বাচিত

সিণ্ডিকেট ঃ পৃঃ ৮ কঃ ৮

## সিণ্ডিকেট ঃ নির্বাচন

( ১ম পাতার পর )

হতে পারেননি।

সিণ্ডিকেটে ৬ জন নির্বাচিত সদস্যরা হচ্ছেন—ডীনদের মধ্য থেকে ডঃ মোঃ মসিহুজ্জামান (নীল), প্রভোস্টদের মধ্য থেকে মনিরুল হক (সাদা), অধ্যাপকদের মধ্যে থেকে কে, এম, মোহসীন (সাদা), সহযোগী অধ্যাপকদের মধ্যে থেকে সৈয়দ রাশিদুল হাসান (সাদা), সহকারী অধ্যাপকদের মধ্যে থেকে আরেফিন সিদ্দিক (নীল) ও লেকচারারদের মধ্য থেকে আবদুল হান্নান মিয়া (সাদা) নির্বাচিত হন। সহযোগী অধ্যাপক এবং সহকারী অধ্যাপক লেকচারারদের মধ্যে থেকে একাডেমিক পরিষদে যারা নির্বাচিত হন তারা হলেন ইশরাত শামীম (সাদা), সহযোগী অধ্যাপক সমাজবিজ্ঞান বিভাগ, মোঃ আসাদুজ্জামান (সাদা), সহযোগী অধ্যাপক, লোক প্রশাসন বিভাগ, ডঃ ম, সায়েদুল ইসলাম (সাদা), সহযোগী অধ্যাপক, প্রাণ রসায়ন বিভাগ, ডঃ মোঃ শাহজাহান মিয়া (সাদা), সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, ডঃ মোঃ সিরাজুল ইসলাম, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ এবং মোঃ আনিস আহমেদ (নীল), সহকারী অধ্যাপক, ইংরেজী বিভাগ।

ফাইন্যান্স কমিটির সদস্য হিসেবে নির্বাচিত হন ডঃ জামাল উদ্দিন আহমেদ (সাদা), সহযোগী অধ্যাপক, ফিন্যান্স বিভাগ। নির্বাচনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোট ৭৭৭ জন শিক্ষক ভোট প্রদান করেন।